

বি ই কলেজকে জাতীয় স্তরে উন্নীত করার লক্ষ্যে আলোচনাচক্র

বি এন এ, হাওড়া: শিবপুর বি ই কলেজকে জাতীয় গুরুত্বপূর্ণ স্তরে উন্নীত করার লক্ষ্যে বৃহস্পতিবার ক্যাম্পাসের মধ্যে এক আলোচনাচক্রের আয়োজন করা হয়। এই আলোচনাচক্রের আয়োজন করে বি ই কলেজ স্টুডেন্টস ইউনিয়ন, বেসু। উপস্থিত ছিলেন কনফেডারেশন অব ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিজের টেকনিক্যাল এডুকেশন সাব কমিটির চেয়ারম্যান গৌতম চট্টোপাধ্যায়, রিসোর্স ডেভেলপমেন্ট অ্যান্ড হিউম্যান রিসোর্সের প্রধান অনিরুদ্ধ রায়, টি সি এসের সিদ্ধার্থ সেনগুপ্ত, দিল্লির সি ই এস সংস্থার ম্যানেজিং ডিরেক্টর শুভ্রাংশু শেখর চক্রবর্তী প্রমুখ। কলেজের প্রাক্তন ও বর্তমান ছাত্র ছাত্রীরাও এদিন হাজির ছিলেন।

